

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া  
আইসিটি শাখা  
www.brahmanbaria.gov.bd



স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০২৭.৯৯.০১৭.২২.৭১

তারিখ: ১০ বৈশাখ ১৪২৯  
২৩ এপ্রিল ২০২২

বিষয়: ই-নথি ব্যবহার জোরদারকরণ।

সূত্র: ১৮.০৪.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জনপ্রশাসনের স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে দ্রুত সেবা প্রদান নিশ্চিতকরণের নিমিত্ত ই-নথি সিস্টেমকে ইতোমধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। ই-নথি সিস্টেম ব্যবহার করে খুব সহজেই দ্রুত সময়ে পত্রজারিসহ দাপ্তরিক কার্যক্রম নিষ্পত্তি করা যায়।

সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৬ নম্বর নির্দেশনায় ইলেকট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ এবং প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মার্চ ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৭.০০৪.১৫.৬৯ ও ০৪.০০.০০০০.৮৩১.৯৭.০০৪.১৫.৭০ নং স্মারকসমূহেও ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

বর্ণিত অবস্থায়, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৬ নম্বর নির্দেশনা; জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ এবং মন্ত্রিপরিষদ বিভাগের উপর্যুক্ত স্মারকদ্বয়ের নির্দেশনা এবং ১৮.০৪.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সরকারি কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জনপ্রশাসনের স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে দ্রুত সেবা প্রদান নিশ্চিতকরণের নিমিত্ত ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল সরকারি দপ্তরে ই-নথি ব্যবহার করে নথিপত্র/দাপ্তরিক কার্যক্রম নিষ্পত্তির জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

২৪-৪-২০২২

মোঃ শাহগীর আলম

জেলা প্রশাসক

ফোন: ০২-৩৩৪৪২৭৭১২

ফ্যাক্স: ০২-৩৩৪৪৩০৩০০

ইমেইল: [dcbrahmanbaria@mopa.gov.bd](mailto:dcbrahmanbaria@mopa.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) দপ্তর প্রধান (সকল), ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০২৭.৯৯.০১৭.২২.৭১/১(১৪)

তারিখ: ১০ বৈশাখ ১৪২৯  
২৩ এপ্রিল ২০২২

সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৩) অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৫) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৬) প্রোগ্রামার, ব্রাহ্মণবাড়িয়া/ব্রাহ্মণবাড়িয়া।
- ৭) সহকারী প্রোগ্রামার (সকল), ব্রাহ্মণবাড়িয়া

২৪-৪-২০২২

মোঃ শাহগীর আলম

জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।